

ক্রমিক ও তারিখ	আদেশ
২১ ২৪/০১/২০২৩	<p>অদ্য সোলেনামা বিষয়ে আদেশের জন্য দিন ধার্য আছে। উভয়পক্ষ আদালতে হাজির।</p> <p>বাদীপক্ষ ও ১/৩/৪ নং বিবাদীপক্ষ বিগত ২১/১১/২০২২ খ্রিৎ তারিখে এফিডেভিট সহযোগে একখানা সোলেনামা দাখিল করেছেন। যা নথিতে সামিল পাওয়া গিয়াছে।</p> <p>অতপর নথি সোলেনামা বিষয়ে আদেশের জন্য নেওয়া হলো। দাখিলী সোলেনামা সহ রেকর্ড পর্যালোচনা করলাম।</p> <p>বাদীপক্ষের বিজ্ঞ কৌসুলি নিবেদন করেন যে, অত্র মামলা চলাবস্থায় উভয়পক্ষের মধ্যকার তর্কিত বিষয় স্থানীয়ভাবে আপোষ মীমাংশা হয়েছে। এখন উভয়পক্ষ তাহাদের মধ্যকার সম্পাদিত সোলেনামা অনুসারে অত্র মামলার ডিক্রিমূলে নিষ্পত্তির প্রার্থনা করেন। বিবাদীপক্ষের বিজ্ঞ কৌসুলি উভয়পক্ষের মধ্যকার আপোষ মীমাংশার বিষয়টি স্বীকার করেছেন এবং বিবাদীপক্ষ কথিত সোলেনামায় স্বেচ্ছায় ও স্বজ্ঞানে স্বাক্ষর করেছেন মর্মে জানিয়েছেন। বাদীপক্ষে ১ নং বাদী আবদুস ছামাদ সোলেনামার সমর্থনে PW-1 হিসাবে জবানবন্দি প্রদান করেছেন। বিবাদীপক্ষ তাকে কোন জেরা করেননি। একইভাবে, ১/৩/৪ নং বিবাদীপক্ষে ১ নং বিবাদী আবদুল হাফেজ সোলেনামার সমর্থনে DW-1 হিসাবে জবানবন্দি প্রদান করেছেন। বাদীপক্ষ তাকে কোন জেরা করেননি। উভয়পক্ষ কর্তৃক সম্পাদিত গত ২১/১১/২০২২ খ্রিৎ তারিখের সোলেনামা, আরজির বক্তব্য ও দাখিলী কাগজাদি পর্যালোচনা করলাম। সোলেনামায় বর্ণিত আপোষের শর্তসমূহ সুষ্ঠু, বৈধ, বাধ্যকর ও কার্যকর মর্মে প্রতীয়মান হয়েছে। আরো প্রতীয়মান হয়েছে যে, উভয়পক্ষ স্বেচ্ছায় অত্র মামলা আপোষে নিষ্পত্তির ইচ্ছা প্রকাশ করেছে এবং দাখিলীয় সোলেনামা উভয়ের মধ্যেকার বৈধ সমোবাতারই প্রতিফলন। সার্বিক বিবেচনায় দাখিলী সোলেনামা অত্র আদালত কর্তৃক গৃহীত হলো। প্রতীয়মান হয় যে, অত্র মোকদ্দমা সোলেসূত্রে নিষ্পত্তিযোগ্য।</p> <p>প্রদত্ত কোর্ট ফি সঠিক।</p> <p>অতএব,</p> <p>আদেশ হয় যে,</p> <p>ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ১/৩/৪ নং বিবাদীপক্ষের বিরুদ্ধে সোলেসূত্রে এবং অপরাপর বিবাদীগণের বিরুদ্ধে এক-তরফা সূত্রে সোলেনামার শর্ত মোতাবেক ডিক্রী প্রদান করা হলো।</p> <p>দাখিলী ২১/১১/২০২২ ইং তারিখের সোলেনামা অত্র ডিক্রীর একাংশ গন্য করা হলো।</p> <p>এই মর্মে ঘোষণা করা যাচ্ছে, নালিশী তফসিল বর্ণিত ত্বরিতে বাদীগনের উভম ও অপরাজেয় স্বত্ত্ব রহিয়াছে এবং উক্ত ত্বরিত সংশ্লিষ্ট বি এস ৩১৪০ নং খতিয়ান ভুল ও অশুদ্ধভাবে লিপিবদ্ধ হইয়াছে, যা যথারীতি বে-আইনী ও কার্যকর এবং উহা বাদীগনের উপর বাধ্যকর নয়।</p> <p>এছাড়া আরো ঘোষণা করা যাচ্ছে যে বাদীগণ ১(ক) তফসিল বর্ণিত সম্পত্তি অধিগ্রহনের ফলে ক্ষতিপূরনের অর্থ তুল্যাংশে পাবার অধিকারী।</p> <p>আমার স্বত্ত্বে লিখিত ও সংশোধিত</p> <div style="display: flex; justify-content: space-between;"> <div style="width: 45%;"> <p>মোঃ হাসান জামান সিনিয়র সহকারী জজ সিনিয়র সহকারী জজ, ২য় আদালত পটিয়া, চট্টগ্রাম।</p> </div> <div style="width: 45%;"> <p>মোঃ হাসান জামান সিনিয়র সহকারী জজ সিনিয়র সহকারী জজ, ২য় আদালত পটিয়া, চট্টগ্রাম।</p> </div> </div>

(মোঃ হাসান জামান)
সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পটিয়া, চট্টগ্রাম